

নং-৪৬.০০.৭৩০০.০৪২.১৪.০৩৮.১৭. ৭৩২

১০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ২৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে নীলফামারী জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ নীলফামারী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপনী/২০১৭-২০১৮/২৮৯, তারিখঃ ১৫/৩/২০১৮।

২০১৭-২০১৮ অর্থ বছরে নীলফামারী জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫,৫০,০০,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় ৫৪৩টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-১৪, ২১৫, ২২৬, ২৪০, ২৭৪, ৩৫৯, ৩৭৩, ও ৪৭২ এ বর্ণিত প্রকল্পগুলো ব্যতীত ৫,৪১,৫০,০০০/- (পাঁচ কোটি একচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৫৩৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, নীলফামারী কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮- এর বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) নলকূপসমূহ বিভিন্ন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ সুপেয় পানির সুবিধা ভোগ করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে ;
- ৭) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে "জেলা পরিষদ নীলফামারী এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।
- ৮) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করতে হবে। ৪০% এর বেশি প্রকল্প পিআইসির (প্রকল্প বাস্তবায়ন কমিটির) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না;
- ৯) উপপরিচালক, স্থানীয় সরকার নীলফামারী, জেলা পরিষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, এর উপস্থিতিতে সেলাই মেশিন/চেউটিন বিতরণ করতে হবে; বিতরণ শেষে উপকার ভোগীদের নামের তালিকা জাতীয় পরিচয়পত্রসহ একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে;

২। ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-১৪, ২১৫, ২২৬, ২৪০ এ বর্ণিত প্রকল্পসমূহ পারিবারিক কবর স্থানের উন্নয়ন সংক্রান্ত এবং ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২৭৪, ৩৫৯, ৩৭৩, ৪৭২ এ বর্ণিত প্রকল্পসমূহ ইউনিয়ন পরিষদের সংস্কার সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J. Man
28/05/2018
(ড. জুলিয়া মঙ্গন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নীলফামারী।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।